


বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

- ১.০ সভার সভাপতি : ড. মোঃ মনজুরুল আলম, মহাপরিচালক, বিজেআরআই।
২.০ সভার তারিখ ও সময় : ২৩ ডিসেম্বর, ২০১৮; বিকাল ৩.০০ ঘটিকা।
৩.০ সভার স্থান : বোর্ড রুম, বিজেআরআই, ঢাকা।
৪.০ উপস্থিতির তালিকা : সংযুক্ত (পরিশিষ্ট-ক)
৫.০ আলোচনা ও সিদ্ধান্ত :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিজেআরআই এর শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট এবং সিএসও (পিটিসি বিভাগ) ড. মোঃ মাহবুব হোসেন-কে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ড. মোঃ মাহবুব হোসেন সভাকে জানান যে, বিজেআরআই এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এ অন্তর্ভুক্ত কার্যক্রম ১.৪ অনুযায়ী উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে আগামী ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সে মোতাবেক উত্তম চর্চার একটি চূড়ান্ত তালিকা প্রণয়নের নিমিত্ত তিনি একটি খসড়া তালিকা সভায় উপস্থাপন করেন। উত্তম চর্চার খসড়া তালিকার উপর সম্মানিত সদস্যগণ কর্তৃক বিস্তারিত আলোচনান্তে তালিকাটি চূড়ান্ত করা হয় (পরিশিষ্ট-১) এবং সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৫.১ উত্তম চর্চার চূড়ান্ত তালিকাটি আগামী ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (বাস্তবায়নকারী: শুদ্ধাচার ফোকাল পয়েন্ট)।
৫.২ বিজেআরআই লাইব্রেরিতে ইন্টারনেট ব্যবহারকারী বিজ্ঞানীগণ একটি রেজিষ্টারে তারিখ, আগমন ও প্রস্থানের সময় লিপিবদ্ধ করে স্বাক্ষর করবেন। এ জন্য লাইব্রেরিতে একটি রেজিষ্টার চালু করতে হবে। (বাস্তবায়নকারী: লাইব্রেরিয়ান)।
৫.৩ “সোশ্যাল মিডিয়া ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান” বিষয়ক একটি সভা বিজেআরআই এর সিনিয়র কর্মকর্তা, ইনোভেশন কর্মকর্তা এবং আইটি কর্মকর্তাদের সমন্বয়ে আয়োজন করতে হবে। (বাস্তবায়নকারী: সিস্টেম এনালিস্ট, পিটিসি বিভাগ)।
৫.৪ উইং প্রধান এবং সংস্থা প্রধানের নেতৃত্বে গণশুনানীর আয়োজন করতে হবে। (বাস্তবায়নকারী: সংশ্লিষ্ট পরিচালক (কারিগরী/জুট-টেক্সটাইল/কৃষি/প্রশাসন ও অর্থ)।
৬.০ পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ মনজুরুল আলম)


মহাপরিচালক

বিজেআরআই



বিজেআরআই এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এ অন্তর্ভুক্ত কার্যক্রম ১.৪ এর আওতায় উত্তম চর্চার তালিকাঃ

- ১। ই-টেন্ডার/ই-জিপি এর মাধ্যমে ক্রয় কার্যসম্পাদন
- ২। ই-ফাইলিং
- ৩। লাইব্রেরীতে ইন্টারনেট সেবা প্রদান
- ৪। দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার
- ৫। ডিজিটাল হাজিরা প্রবর্তন
- ৬। সোশ্যাল মিডিয়া ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান
- ৭। দাপ্তরিক কাজে ই-মেইল/এসএমএস এর ব্যবহার
- ৮। চাকুরী প্রার্থীদের অনলাইনে চাকুরী আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ
- ৯। পিআরএল-এ যাওয়ার পূর্বে ছুটি নগদায়ন ও পিআরএল একই সাথে মঞ্জুর করা
- ১০। গণশুনানীর আয়োজন (উইং প্রধান ও সংস্থা প্রধানের নেতৃত্বে) এবং প্রাপ্ত সমস্যাসমূহ সমাধান
- ১১। নির্ধারিত সময়ের মধ্যে মাসিক বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল পরিশোধ
- ১২। কর্মজীবী নারীদের শিশু সন্তানদের জন্য শিশু দিবা কেন্দ্র পরিচালনা
- ১৩। বিদ্যুৎ ব্যবহার সাশ্রয়ের জন্য অপ্রয়োজনে লাইট, ফ্যান ইত্যাদি চালু না রাখার বিষয়ে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনা
- ১৪। বিদ্যুৎ সাশ্রয়ের জন্য শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫° সে. এর নিচে না রাখা
- ১৫। অফিস কর্মস্থল এর বাথরুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখা
- ১৬। অফিস আঞ্জিনা ও কমন স্পেস পরিষ্কার পরিচ্ছন্ন রাখা
- ১৭। বিজেআরআই হেল্পলাইন এর মাধ্যমে সমস্যার সমাধান
- ১৮। সমগ্র অফিস আঞ্জিনা সিসি ক্যামেরার আওতায় আনা
- ১৯। অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
- ২০। বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) লিখন বিকেন্দ্রীকরণ


' ২৪/১২/২০১৮

ড. মোঃ মাহবুব হোসেন
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ
বাংলাদেশ পাট পরবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭।

